

## আজ প্রাথমিক ও কলেজ শিক্ষকদের কর্মবিরতি শুরু

নিজস্ব প্রতিবেদক ▶

সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সরকারি কলেজের শিক্ষকদের কর্মবিরতি শুরু হচ্ছে আজ শনিবার থেকে। কলেজ শিক্ষকরা আজ ও আগামীকাল রবিবার দুই দিন পূর্ণদিবস কর্মবিরতি পালন করবেন। প্রাথমিকের শিক্ষকরা আজ ও কাল দুই ঘণ্টা করে এবং আগামী সোমবার পূর্ণদিবস কর্মবিরতি পালন করবেন। কর্মবিরতি পালনের সময় কোনো ক্লাস ও পরীক্ষা নেবেন না শিক্ষকরা। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সুইডেন ও ফিনল্যান্ড সফর শেষে গতকাল উক্তরাত্রে দেশে ফিরেছেন। ৮ সেপ্টেম্বর সুইডেনের উদ্দেশে ঢাকা ছেড়েছিলেন তিনি। এর পরই মূলত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভাটবিরোধী আন্দোলনে অচল হয়ে পড়ে

রাজধানী। আর অষ্টম জাতীয় বেতন কাঠামোতে গ্রেড পুনর্নির্ধারণ ও স্বতন্ত্র বেতন কাঠামোর দাবিতে ইতিমধ্যেই একাধিকবার কর্মবিরতি পালন করেছেন বিশ্ববিদ্যালয় ও কলেজ শিক্ষকরা। তবে আন্দোলনরতদের মধ্যে প্রথম পর্যায়ে শিক্ষামন্ত্রী

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সঙ্গে আলোচনার উদ্যোগ নিয়েছেন। আজ সকাল ১১টায় রাজধানীর হেয়ার রোডের সরকারি বাসভবনে মন্ত্রী বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের নেতাদের সঙ্গে আলোচনা করবেন বলে জানা গেছে। ফেডারেশনের মহাপরিচালক ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ. এম. এম. মাকসুদ কামাল গতকাল রাতে কালের কণ্ঠকে বলেন, 'শিক্ষামন্ত্রী বিদেশে অবস্থানকালেই আমাদের সঙ্গে যোগাযোগ করেছিলেন। সে অনুযায়ী শনিবার (আজ) আমরা তার সঙ্গে অনানুষ্ঠানিকভাবে বসব। আমাদের প্রধান দাবি স্বতন্ত্র বেতন স্কেল। তিনি বলেন, 'এই কমিটিতে অর্থমন্ত্রী ছাড়াও আরো অনেক গুরুত্বপূর্ণ মন্ত্রী রয়েছেন। তাই কমিটির প্রতি আমাদের পুরোপুরি অনাস্থা নেই। তবে অর্থমন্ত্রী যেহেতু বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ব্যাপারে ভিন্নমত পোষণ করেছেন, শিক্ষকদের অনুভূতিতে আঘাত দিয়েছেন, তাই অর্থমন্ত্রীর নেতৃত্ব নিয়ে আমাদের শিক্ষকদের কিছুটা আপত্তি রয়েছে। সে

ব্যাপারটিও আমরা শিক্ষামন্ত্রীকে জানাব। সব ধরনের আলোচনা শেষে সন্তোষজনক জায়গায় পৌঁছাতে না পারলে ফেডারেশনের পরবর্তী সভা শেষে আমরা কঠোর কর্মসূচির দিকেই যাব।

শিলেকশন গ্রেড ও টাইম স্কেল পুনর্বহাল এবং অধ্যাপকদের বিদ্যমান বৈষম্যমূলক বেতন স্কেল আপগ্রেড করার দাবিতে আজ ও কাল পূর্ণদিবস কর্মবিরতি পালন করবে বিনিসএস সাধারণ শিক্ষা সমিতি। এর আগেও গত ১০ সেপ্টেম্বর সরকারি ৩০৬টি কলেজ এবং শিক্ষাসংগঠিত অফিসে কর্মবিরতি পালিত হয়েছিল। আজ ও কালের কর্মবিরতির কারণে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পাঁচটি বিষয়ের পরীক্ষা পেছাতে বাধ্য হয়েছে।

বিনিসএস সাধারণ শিক্ষা সমিতির মহাসচিব আই কে সেলিম উল্লাহ খোন্দকার গতকাল রাতে কালের কণ্ঠকে বলেন, 'কর্মবিরতি চলাকালে আমরা কোনো ক্লাস-পরীক্ষা নেব না। বিষয়টি আমরা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জানানোর পর তারা পরীক্ষা চূর্ণিত করেছে।

স্বতন্ত্র বেতন কমিশন গঠন এবং নতুন বেতন স্কেলে শিলেকশন গ্রেড ও টাইম স্কেল বহাল রাখার দাবিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরাও আজ থেকে কর্মবিরতি কর্মসূচি পালন করছেন। আজ ও কাল দুই ঘণ্টার কর্মবিরতি শেষে সোমবার পূর্ণদিবস কর্মবিরতি পালন করবে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি। সমিতির সিনিয়র সহসভাপতি খুলফিকার আলী গতকাল রাতে কালের কণ্ঠকে বলেন, দাবিগুলো না মানলে আগামী ১৫ অক্টোবর পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে।

আর ঘোষিত বেতন স্কেলে সহকারী শিক্ষকদের বেতন ১১তম গ্রেডে পুনর্নির্ধারণ, টাইম স্কেল ও শিলেকশন গ্রেড বহাল রাখাশত বেশ কিছু দাবিতে কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক সমাজ, বাংলাদেশ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতি, বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতি ও বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক ফোরাম।

বিশ্ববিদ্যালয়  
শিক্ষকদের সঙ্গে  
আজ বসবেন  
শিক্ষামন্ত্রী